# ALL INDIA RADIO, SILCHAR

*************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 16-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১)  লোকসভা নির্বাচনের প্রচারের জন্য গৌহাটিতে এই মাত্র বি জে পির প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উপস্থিত । যোরহাটে কংগ্রেস নেত্রী প্রিয়াংকা গান্ধীর রোড-শো ।

২)  নির্বাচনী প্রচারে অংশ নিতে তৃণমূল কংগ্রেস নেত্রী তথা পশ্চিম বঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দপাধ্যায়ের আগামীকাল শিলচর আগমন ।

৩)  মিজোরামে আগামী ১৯ এপ্রিল অনুষ্ঠেয় লোকসভা নির্বাচন অবাধ , সুষ্ঠ ও শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করতে করিমগঞ্জ জেলার মিজোরাম সীমান্তবর্তী এলাকাষ আগামীকাল বিকেল ৪টা থেকে ১৯ এপ্রিল বিকেল ৪টা পর্যন্ত ড্রাই-ডে ঘোষণা ।

এবং

৪)  কেন্দ্রীয় লোকসেবা আয়োগের ২০২৩ সালের সর্বভারতীয় অসামরিক সেবা পরীক্ষায় আসামের বেশ কয়েকজন প্রার্থীর সফলতা ।

-------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের দিন ঘনিয়ে আসার সঙ্গে সঙ্গে সমগ্র দেশের সঙ্গে আসামেও বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান জোড়দার হয়ে উঠেছে ।বিজেপির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে আজ এই মাত্র গুয়াহাটি এসে পৌছেঁছেন। দলীয় নেতা কর্মী সহ জনসাধারণ বরঝার বিমানবন্দর থেকে কইনাধারা যাওয়ার সময় প্রধানমন্ত্রীকে স্বাগত জানাবেন ।শ্রী মোদীর এই কার্যসূচীর প্রতি লক্ষ্য রেখে গুয়াহাটী মহানগরীতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা হয়েছে ।প্রধানমন্ত্রীর আগমনের প্রতি লক্ষ্য রেখে গুয়াহাটীর বেশ কয়েকটি সড়কে বানিজ্যিক যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা জ্ঞাপন করা হয়েছে ।

উল্লেখ্য প্রধানমন্ত্রী আগামীকাল বরপেটা ও দরং-ওদালগুড়ি লোকসভা আসনের দুজন প্রার্থীর হয়ে নলবারীতে নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করবেন ।এই কার্যসূচীকে কেন্দ্র করে নলবারী জেলায় ব্যাপক প্রস্তুতি অব্যাহত রয়েছে ।এদিকে বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা আগামী বৃহস্পতিবার কোকরাঝারে নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করার কথা রয়েছে ।তিনি বিজেপি মিত্রজোঁট ইউ পি পি এলের প্রার্থী জয়ন্ত বসুমাতারীর হয়ে প্রচারে অংশ নেবেন ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ যোরহাট লোকসভা আসনের বিজেপি মিত্রজোঁটের প্রার্থী তপনকুমার গগৈর হয়ে মাজুলির জেংরাইমুখে একটি নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন ।এদিকে ডিব্রুগড় লোকসভা আসনের বিজেপি প্রার্থী কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ তিনসুকিয়ায় বেশ কয়েকটি নির্বাচনী প্রচার সভায় অংশগ্রহণ করেন । কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সনোয়ালের সঙ্গে মন্ত্রী সঞ্জয় কিষাণ ও উপস্থিত ছিলেন ।ডিব্রুগড় লোকসভা আসনের আম আদমী পার্টীর প্রার্থী মনোজ ধানোয়ার তিনশুকিয়া জেলার মাকুম বিধানসভা এলাকায় প্রচার চালান ।অন্যদিকে কংগ্রেস নেত্রী প্রিয়াংকা গান্ধী আজ যোরহাটের তিতাবরে একটি নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন ।তিনি যোরহাট লোকসভা আসনের বিরোধি মিত্রজোঁটের প্রার্থী গৌরব গগৈর হয়ে তিতাবর থেকে যোরহাট পর্যন্ত একটি রোড শোয়ে অংশগ্রহণ করে প্রচার চালান ।

---------------------------------------------------------------------

এদিকে দ্বিতীয় পর্যায়ে বরাক উপত্যকার দুটি লোকসভা আসনের নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের প্রস্তুতি ও প্রচার এগিয়ে চলেছে । পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও সারা ভারত তৃণমূল কংগ্রেসের চেয়ার পার্সন মমতা ব্যানার্জী আগামীকাল দলীয় প্রার্থী রাধেশ্যাম বিশ্বাসের হয়ে নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করতে শিলচর আসছেন । তিনি আগামীকাল শিলচরের টাউন ক্লাব ময়দানে নির্বাচনী জনসভায় বক্তব্য রাখবেন ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আসন্ন লোকসভা নির্বাচনের প্রচার অভিযানে জোড় কদমে চলছে । করিমগঞ্জ লোকসভা আসনে এ আই ইউ ডি এফ দলের প্রার্থী সাহাবুল ইসলাম চৌধুরী আজ হাইলাকান্দি জেলার আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের রূপাছড়া বাগান সহ হরিশনগর , অরণ্যপুর গ্রামে প্রচারে অংশগ্রহন করেছেন ।

এদিকে ভারতীয় জনতা পার্টির প্রার্থী কৃপানাথ মালার সর্মথনে বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ , বিজেপি তপশিলি মোর্চার রাজ্য সভানেত্রী মুন স্বর্নকার গতকাল রাতে হাইলাকান্দি জেলার সামারিকোনায় নির্বাচনী জনসভায় অংশগ্রহন করেছেন ।

--------------------------------------------------------------------------------

রাজ্যে আগামী ১৯ এপ্রিল অনুষ্ঠেয় প্রথম পর্যায়ের নির্বাচনের জন্য প্রচারাভিযান আগামীকাল সমাপ্ত হবে । নির্বাচন কমিশনের নীতি-নির্দেশিকা অনুসারে আগামীকাল বিকেল ৫টা পর্যন্ত রাজনৈতিক দলগুলি প্রচার চালাতে পারবে । আগামীকাল বিকেল ৫টার পর রাজনৈতিক দলগুলি কোন ধরণের প্রচার কার্যে অংশ গ্রহণ করতে পারবে না । উল্লেখ্য যে প্রথম পর্যায়ে আগামী ১৯ এপ্রিল রাজ্যের ৫টি লোকসভা আসনের জন্য ভোট গ্রহণ করা হবে । এই নির্বাচনের জন্য আর মাত্র ২ দিন বাকি থাকায় জেলা প্রশাসনগুলি কঠোর ব্যবস্থা গ্রহণ করেছে । প্রথম পর্যায়ে আগামী ১৯ এপ্রিল রাজ্যের শোনিতপুর , লখিমপুর , ডিব্রুগর , কাজিরাঙ্গা এবং যোরহাট লোকসভা আসনগুলির জন্য ভোট গ্রহণ করা হবে ।

---

মিজোরামে আগামী ১৯ এপ্রিল অনুষ্ঠেয় লোকসভা নির্বাচন অবাধ , সুষ্ঠ ও শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করতে করিমগঞ্জ জেলার মিজোরাম সীমান্তবর্তী এলাকার আগামীকাল বিকেল ৪টা থেকে ১৯ এপ্রিল বিকেল ৪টা পর্যন্ত ড্রাই-ডে ঘোষণা করা হয়েছে । আসাম আবগারী আইনের ধারা অনুসারে রাজ্যের রাজ্যপাল মিজোরামে অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের জন্য আসামের সীমান্তবর্তী এলাকায় সব ধরণের নেশা জাতীয় সামগ্রী এবং মদ বিক্রি , সেবন ও বহণ ইত্যাদি ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারী করেছেন । এর পরিপ্রেক্ষিতে করিমগঞ্জের জেলা আয়ুক্ত জেলার মিজোরাম সীমান্তবর্তী এলাকায় ড্রাই-ডে ঘোষণা করে এই মর্মে এক আদেশ জারী করেছেন । আদেশ অনুসারে ওই দিন করিমগঞ্জ জেলার আসাম-মিজোরাম সীমান্তবর্তী এলাকার পাথারকান্দি আবগারী চক্রের অধীন সব মদের দোকান বন্ধ থাকবে । একই সঙ্গে দুল্লভছড়া আবগারী চক্রের অধীন সব মদের দোকানও ওই দিন বন্ধ থাকবে বলে জানানো হয়েছে । এছাড়া ভোট গণনার দিন , গণনা প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত এবং যদি কোন কেন্দ্রে পুনরনির্বাচন অনুষ্ঠিত হয় তবে ওই পুনরনির্বাচন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত ড্রাই-ডে ঘোষণার আদেশ বলবৎ থাকবে বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে ।

---

অবাধ ও শান্তিপূর্ণ ভাবে নির্বাচন সম্পন্ন করতে হাইলাকান্দি জেলাতে আগামী ২৪ এপ্রিল বিকেল ৫টা থেকে ২৬ এপ্রিল বিকেল ৫টা পর্যন্ত ড্রাই-ডে ঘোষণা করা হয়েছে । একই ভাবে ভোট গণনার দিনও জেলায় ড্রাই-ডে বহাল থাকবে । হাইলাকান্দির আয়ুক্ত নিসর্গ হিবারে গৌতম এক নির্দেশে লোকসভা নির্বাচনের জন্য সমগ্র জেলায় ২৪ এপ্রিল থেকে ২৬ এপ্রিল বিকেল ৫টা পর্যন্ত সম্পূর্ণ ড্রাই-ডে ঘোষণা করেছেন । রাজ্যের আবগারী বিভাগ , জনপ্রতিনিধিত্ব আইন ১৯শো ৫১-র ধারার অধীনে এবং আসাম আবগারী বিধির অধীনে আয়ুক্ত শ্রী গৌতম ২৪ এপ্রিল থেকে ২৬ এপ্রিল ৪৮ ঘন্টা পর্যন্ত সমগ্র জেলায় ড্রাই-ডে ঘোষণা করেছেন । উল্লেখ্য যে ২৬ এপ্রিল ভোট গ্রহণের দিন এবং চৌঠা মে ভোট গণনার দিন গণনা প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত সমগ্র জেলায় এই আদেশ বলবৎ থাকবে । এছাড়াও নিদৃষ্ট ওই দিন গুলিতে কোন ব্যাক্তি

অথবা কোন গোষ্ঠী কোন ধরণের নেশা জাতীয় সামগ্রী নিজেদের অধীনে রাখতে পারবেন না বলেও নির্দেশে উল্লেখ করা হয়েছে । ওই দিন গুলিতে হাইলাকান্দি জেলার সমস্ত আই এম এফ এল , পাইকারি গুদাম , লাইসেন্সপ্রাপ্ত মদের দোকান এবং কান্ট্রি স্পিরিট খুচর বিক্রয়ের দোকানও বন্ধ রাখতে নির্দেশ জারী করা হয়েছে । এই আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সতর্ক করে দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় লোকসেবা আয়োগ ২০২৩ সালের সর্বভারতীয় অসামরিক সেবা পরীক্ষার ফলাফল ঘোষণা করেছে ।আসামের বেশ কয়েকজন যুবক যুবতি এই তালিকায় স্থানলাভ করেছে । এর মধ্যে অভিজ্ঞান হাজারিকা ১৭২ নম্বর স্থান , রিকি লহকর প্রধান ২৩০ , ঈশ্বরী ডেকা ৩২০ , ঋতুরাজ শর্মা ৪৬২ , ভাস্বত শইকিয়া ৫৫২ , মানস উৎপল ৬১৫ ,কল্লোল হাজারিকা ৯৯২ এবং আজমল হুসেন ১ হাজার ১৩ নম্বর স্থান লাভ করেছে ।

---------------------------------------------------------------------------

আসাম অরুণাচল প্রদেশ সীমান্তবর্তী মার্ঘেরিটার নামদাং এলাকায় আজ সকালে সন্দেহভাজন উগ্রপন্থী সংগঠন পরেশ বরুয়া গোষ্ঠীর সদস্যরা আসাম রাইফেলসের পাহাড়াদারী দলের একটি বাহনকে লক্ষ্য করে অতর্কিত আক্রমন চালায় । সঙ্গে সঙ্গে আসাম রাইফেলসের জোওয়ানরাও প্রত্যুত্যর দেয় । প্রতিরক্ষা সূত্রে জানানো হয়েছে যে উভয় পক্ষের এই গুলাগুলির ঘটনায় একজন জোওয়ান আহত হয়েছেন । আহত ওই জোওয়ানকে যোরহাট সামরিক চিকিৎসালয়ে ভর্তী করা হয়েছে । নিরাপত্তা বাহিনীর প্রবীন আধিকারিকরা সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে গিয়ে উপস্থিত হয়েছেন বলেও সূত্রে উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে হাইলাকান্দি জেলা নির্বাচন বিভাগ সব ধরণের প্রচারাভিযান , ব্যানার , পোষ্টার , লিফলেট এবং পত্রিকায় রাজনৈতিক বিজ্ঞাপন ইত্যাদি প্রচারের আগে এম-সি-এম-সি সেল থেকে পূর্ব অনুমতি গ্রহণ করতে জেলার সব রাজনৈতিক দলের কর্মকর্তাদের আহ্বান

জানিয়েছে । জেলা নির্বাচন বিভাগের এম-সি-এমসি সেলের পক্ষ থেকে এক বিবৃতিতে সর্বাবস্থায় ভারতের নির্বাচন কমিশনের নীতি-নির্দেশিকা মেনে চলার আহ্বান জানানো হয়েছে । এছাড়াও , কমিশনের নীতি-নির্দেশিকা ভোটের দিন এবং ভোটের একদিন আগে ছাপা মাধ্যমে রাজনৈতিক বিজ্ঞাপনের জন্য পূর্ব অনুমতি নিতে সব রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানানো হয়েছে । ইতিমধ্যেই , হাইলাকান্দির আয়ুক্ত বরাক উপত্যকা থেকে প্রকাশিত সবগুলি সংবাদপত্রের সম্পাদককেও পত্র প্রেরণ করে পত্রিকায় বিজ্ঞাপন প্রচারের আগে ভারতীয় নির্বাচন কমিশনের এ সংক্রান্ত নির্দেশ সুনিশ্চিত করার আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

সাত নম্বর করিমগঞ্জ লোকসভা কেন্দ্রের অধীন হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রে ভোট গ্রহণের কাজে নিয়োজিত পোলিং পার্সনেলদের গ্রুপ ভিত্তিক চূড়ান্ত প্রশিক্ষণ আগামী ১৮ , ১৯ ও ২০ এপ্রিল দুটি পর্বে হাইলাকান্দি এস এস কলেজে অনুষ্ঠিত হবে । লোকসভা নির্বাচনের পার্সনেল সেলের আধিকারিক ত্রিদীব রায় এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়ে বলেছেন যে পোলিং আধিকারিকদের চূড়ান্ত প্রশিক্ষণ সংক্রান্ত নিযুক্তি পত্র ইতিমধ্যেই সেল থেকে ইস্যু করা হয়েছে । ফলে তিনি জেলার সব সরকারী বিভাগ এবং প্রতিষ্ঠানের প্রধানকে অবিলম্বে একজন দায়িত্বশীল আধিকারিককে দিয়ে জেলা আয়ুক্তের কার্যালয়ের প্রথম তলা থেকে নিযুক্তি পত্র সংগ্রহ করে তা পোলিং আধিকারিকদের হাতে পৌছে দেওয়ার আহ্বান জানিয়েছেন । লোকসভা নির্বাচনের কাজে নিযুক্ত পোলিং আধিকারিকদের নিদৃষ্ট তারিখ ও সময়ে প্রশিক্ষণে উপস্থিত হয়ে গ্রুপ ভিত্তিক প্রশিক্ষণ গ্রহণ করতে জেলা নির্বাচন বিভাগের পক্ষ থেকে নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে করিমগঞ্জের পুলিশ সুপার কার্যালয়ে ২৪ ঘন্টা কার্যাকর থাকা গ্রিভেন্স সেল ও কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে । পুলিশ সুপার কার্যালয়ে স্থাপন করা ওই পুলিশ কন্ট্রোল রুমের নম্বর হচ্ছে ৭০০২০৮০৫৩৯ । হোয়াটস অ্যাপ নম্বর হচ্ছে ৮০৯৯৬৬২২৭৫ । এছাড়াও ,

পুলিশ সুপার কার্যালয় সহ জেলার ৭টি থানায় একটি করে অভিযোগ বাক্স রাখা হয়েছে । ওই বাক্স গুলিতে আসন্ন লোকসভা নির্বাচন সংক্রান্ত যে কোন ধরণের অভিযোগ জমা করা যাবে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রসাসনের সুইপ সেলের উদ্যোগে আজ শিলচর উন্নয়ন খন্ডের সম্মেলন কক্ষে ভোটার সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় আত্ম-সহায়ক গোষ্টী ও অঙ্গনওয়াড়ি কর্মীদের নিয়ে জেলায় ভোটদানের হার বৃদ্ধির লক্ষ্যে এই সচেতনতা সভার আয়োজন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------